হেপাটাইটিস বি টীকার দাম আকাশ ছোঁয়া। সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছিল। আজ থেকে কুড়ি বছর আগে হেপাটাইটিস বি টীকা নিতে গিয়ে প্রতিদিনই কোন না কোনভাবে ঠকে যাচ্ছিলেন অল্প আয়ের মানুষ জন। রাজ্যবাসীকে হেপাটাইটিস বি টীকা থেকে রক্ষা করার পরিকল্পনা নিয়ে রাজ্য সরকারকে পাশে থাকার আর্জি জানিয়ে দেওয়া হল প্রস্তাব। ২০০২ সালে আগরতলাতে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার আত্মপ্রকাশ করে। এরপর থেকেই আগরতলাতে স্বল্প মূল্যে হেপাটাইটিস বি টীকা দেওয়া শুরু হয়। আগরতলার পাশাপাশি মহকুমা শহরেও স্বল্পমূল্যে টীকাকরণ করার ভাবনা শুরু হতেই ডাক আসে উদয়পুরে। মানে আগরতলার পর রাজ্যের প্রথম মহকুমা শাখা হিসেবে শুরু হয় আমাদের পথ চলা। তারিখটা ১লা জুলাই ২০০৩ সাল। ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালকে কেন্দ্র করেই আমাদের কর্মযজ্ঞ শুরু হয়। গ্রাম থেকে শহর, শহর থেকে গ্রাম শুরু হয় সচেতনতা প্রচার। ইতিমধ্যে সারা রাজ্যে সংগঠন গড়ে তোলার জন্য হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার প্রাণপুরুষ ডা: প্রদীপ ভৌমিক স্যারের নেতৃত্বে শুরু হয় কর্মযজ্ঞ। ধীরে ধীরে ৩৫টি শাখা তৈরি হয়। ইতিমধ্যে রাজ্য সরকারের কাছ থেকে এসে গেছে টীকাদানের ছাড়পত্র। প্রতি রবিবার সকাল থেকে শুরু হয় রাজ্যের ৩৫টি শাখার উদ্যোগে টীকাকরণ কর্মসূচি। ২০১৮ সাল পর্যন্ত রাজ্যের চল্লিশ শতাংশ মানুষকে হেপাটাইটিস 'বি' টীকাকরণ সম্পন্ন হয়েছে। এর পাশাপাশি ২০১২ সাল থেকে সদ্যজাত শিশুদের বিনামূল্যে টীকা দেওয়া শুরু হল রাজ্যে। ২০১৮ সালের পর এ রাজ্যে টীকাকরণ বন্ধ হয়ে যায়। সে এক ভিন্ন প্রসঙ্গ। সে দিকে আর যাচ্ছি না। নানা প্রতিকূলতাকে পাশে সরিয়ে সংগঠন সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া বিষয়ক ভিন্নধর্মী কাজেও যুক্ত হয়। কোভিড সংকট আমাদের জীবনের এক ব্যতিক্রমী অধ্যায়। তখন অন্যদের পাশাপাশি আমরাও দু:স্থ মানুষকে ঔষধ, খাদ্য সামগ্রী তুলে দিয়েছি। যেসব প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করা এখনও কষ্টকর হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার সদস্যরা স্বাস্থ্য দপ্তরের সহযোগিতায় শিবিরের মাধ্যমে সেখানে পৌঁছে দিচ্ছেন স্বাস্থ্য পরিষেবা। শিবিরে বিনামূল্যে ঔষধ, ম্যালেরিয়ার রক্ত পরীক্ষা, প্রসূতি মায়েদের পরীক্ষা, ডায়াবেটিস রোগীর রক্ত পরীক্ষা, ই সি জি ইত্যাদি সহ আরো নানা রোগের জন্য রক্ত পরীক্ষা ইত্যাদি করা হয়ে থাকে। এছাড়াও জনজাতি অঞ্চলে ডায়েরিয়া, ম্যালেরিয়া ব্যাপক আকার ধারণ করলে স্বাস্থ্যদপ্তরের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে আমরাও ছুটে যাই এবং রোগীদের নানা পরিষেবা প্রদান করে থাকি। গত আগষ্ট ২০১৩ ইং সনে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে দক্ষিণ ও গোমতি জেলাতে প্রায় একমাস ধরে বিভিন্ন প্রত্যন্ত গ্রামে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্য সামনে রেখে কাজ করেছে। গোটা রাজ্যের সঙ্গে যখন আমাদের জেলা ও মহকুমাতে যখন রক্তশূন্যতা চলছিল তখন আমরা বসে থাকিনি। নিজেরা ও পরিচিত জনদের ডেকে রক্ত দান শিবিরের আয়োজন করেছি। এখনও তা চালিয়ে যাচ্ছি। স্বাস্থ্য বিষয়ক নানা কর্মসূচির পাশাপাশি সামাজিক সমস্যা নিয়েও আমাদের কাজ চলছে। সম্প্রতি নেশা জাতীয় ড্রাগ বিরোধী সেমিনার আয়োজিত হয়েছে উদয়পুর, সাব্রুম, মনু, বিলোনীয়া, অমরপুর , নতুনবাজার

ঐ সব সেমিনারে সমাজের নানা অংশের নানা পেশায় বিভিন্ন মানুষসহ হাজারো ছাত্র/ছাত্রীকে ড্রাগের নেশার বিরুদ্ধে সচেতনতার বার্তা দিয়েছেন বিশিষ্ট জনেরা। শারদ সম্মান আয়োজন করে স্থানীয় শিল্পীদের উৎসাহিত করতে ক্লাবগুলোকে পুরস্কৃত করা হয়। এ কাজ এক দশক ধরে চলছে। দুঃস্থ ও মেধাবী ছাত্র/ছাত্রী যারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে এরকম শতাধিক ছেলেমেয়েদেরকে উদয়পুর শাখার উদ্যোগে প্রতিবছর সংবর্ধিত করা হচ্ছে। পরিবার থেকে দূরে থাকা শিশুদের শীত বস্ত্র, খাবার , পঠন পাঠন সামগ্রী ইত্যাদি সহায়তার মাধ্যমে ওদের পাশে থাকার চেষ্টা করেছি। নানা সময় বিভিন্নভাবে অক্ষম শিশুদের সহায়তায় আমরা উদয়পুর শাখা বিশেষ ভূমিকা নিয়েছি। এসবের সঙ্গে সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধূলা, শিশুদের নিয়ে অঙ্কন প্রতিযোগিতা আয়োজন করেও আমরা মানুষের পাশে থাকার চেষ্টা করেছি।

পরিশেষে একথা বলতে চাই শুধু স্বাস্থ্য কর্মসূচীই নয়, সামাজিক, সাংস্কৃতিক সহ নানা আয়োজনের মাধ্যমে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদয়পুর শাখা জোনাল কমিটি তার কর্ম প্রয়াস এগিয়ে নিয়ে যাচ্ছে।

*With best compliments from :*

**North Eastern Pharmaceutica**

**(A Quality Whole Sale Drug Distributor & Government Order Supplier)**

Paradise Chowmuhani
Opposite of State Ayurvedic Hospital
Agartala, Tripura (West) - 799001

**Phone No. : 07005339450 / 09436317260**

# স্মৃতির পাতা থেকে



দেবী চক্রবর্তী

রবিবার ঘড়ির কাঁটা ঠিক সকাল নয়টা, ঢং ঢং করে ঘন্টা বাজতে লাগল আর অমনি সবার শুরু হয়ে গেল এইচ.এফ.টি ক্লিনিকে যাওয়ার জন্য দৌড়াদৌড়ি। এর কারণ হল রবিবার সকাল নয়টা থেকে দুপুর একটা পর্যন্ত এইচ.এফ.টি ক্লিনিকে হেপাটাইটিস-বি ভ্যাকসিন দেওয়া হত। এই ভ্যাকসিন দেওয়ার জন্য সদস্যরা আনন্দের সহিত ক্লিনিকে কাজ করতেন। এই কাজটি ছিল সম্পূর্ণ সমাজের জন্য কিছু করার কাজ, যার বিনিময়ে সদস্যদের মধ্যে আত্মতুষ্টি মিলত।

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা একটি স্বেচ্ছাসেবী সংস্থা। ২৮শে জুলাই "বিশ্ব হেপাটাইটিস দিবস" হিসাবে পালিত হয় কারণ এই দিনটি হল 'হেপাটাইটিস বি' ভ্যাকসিনের আবিস্কর্তা Baruch Blumburg এর জন্মদিন। ২০০২ সালের ২৮শে জুলাই হল এইচ.এফ.টি-এর প্রতিষ্ঠা দিবস। হাতে গোনা মাত্র কয়েকজন বিশিষ্ট ব্যক্তিদের হাত ধরে HFT র পথচলা শুরু হয়েছিল। তার মধ্যে থেকে কয়েকজনের নাম এখানে উল্লেখ না করলে বোধহয় ভুল হবে যেমন - ডা: ইলা লোধ, ডা: প্রদীপ ভৌমিক, ডা: বিকাশ রায়, দিবাকর দেবনাথ, বিমান কান্তি রায় ইত্যাদি। HFTর প্রধান লক্ষ্য ছিল "হেপাটাইটিস মুক্ত ত্রিপুরা" গঠন করা। এই লক্ষ্যকে সামনে রেখে অতি স্বল্প মূল্যে Hep-B Vaccine দেওয়ার কাজ শুরু করেছিল HFT। ধীরে ধীরে এই সংস্থার কাজ বাড়তে লাগল এবং বাড়তে লাগল সদস্য সংখ্যা । ২০০২ সালের পর উদয়পুরে প্রথম ব্রাঞ্চ গঠিত হয়। তারপরে এক এক করে বর্তমানে ৩৫টি ব্রাঞ্চ রয়েছে ধর্মনগর থেকে সাব্রুমের শ্রীনগর পর্যন্ত, প্রত্যেকটি ব্রাঞ্চ Vaccination Clinic করত। তখন HFT এর নিজস্ব কোনো বাড়ি ছিল না। কিন্তু সদস্যসংখ্যা ধীরে ধীরে বৃদ্ধি পেতে লাগল যা বর্তমানে ১৪০০। প্রতিটি সদস্য নিষ্ঠা, সততার সহিত নিঃস্বার্থভাবে সমাজের প্রতিটি মানুষকে Hep-B Vaccine দেওয়ার জন্য কাজ করত। প্রচুর Health Awareness Programme করা হয়েছে। HFT গ্রামাঞ্চল, পাহাড়ী এলাকায় করেছে Mega Health Camp। সরকারীভাবে Hep-B টীকাকরণ শুরু হওয়ার আগে নবজাতক শিশুদেরকে এই টিকা দেওয়ার কাজটি করতো HFT। এইভাবে Vaccination- এর কাজ , ২০০২-২০১৯ সাল পর্যন্ত HFT করেছে এবং মোট ৩৩% জনসংখ্যাকে Vaccine দেওয়া হয়েছে।

২০২৩ সালের ২৮শে জুলাই HFT ২১ বছরে পদার্পণ করেছে। ২১টি বছর সে শুধু Vaccine নিয়ে কাজ করেছে, তাই নয়, কারণ Health Awareness কর্মসূচীর মাধ্যমে বিভিন্ন রোগ যেমন ডায়াবেটিস, হাইপারটেনশান, লিভারের সমস্যা, কিডনির সমস্যা, এইডস্ ইত্যাদি বিষয়ে সাধারণ জনগণকে HFT সব সময়ই সচেতন করেছে। Community Peopleকে স্বাস্থ্য বিষয়ে সচেতনতার মাধ্যমে শিক্ষিত করতে পারলেই যে

বিভিন্ন রোগ প্রতিরোধ করা সম্ভব সেটা HFT বিশ্বাস করে। প্রতি এক বছর অন্তর রাজ্য সম্মেলন করা হয় এবং এই সম্মেলনে সারা বছরের কাজকর্ম নিয়ে পর্যালোচনা করা হয়। ২০২৩ সালের রাজ্য সম্মেলন হবে কুড়িতম রাজ্য সম্মেলন। ২১ বছরের স্মৃতি বলা ভীষণ কঠিন কারণ সেটা এখানে লিখে শেষ করা যাবে না। তবে যাই হোক কিছু না লিখলে লেখাটা অসম্পূর্ণ থেকে যাবে যেমন শুরুতে Vaccine দেওয়ার যার সঠিক জায়গার অভাব ছিল। কখনো Agartala Press Club, T. B. Clinicএ দেওয়া হতো, পরে সরকারের সহযোগীতায় বিভিন্ন হাসপাতালের Out Patient Department -এ রবিবারদিন সকাল নয়টা থেকে দুপুর ১টা পর্যন্ত দেওয়ার অনুমতি পেয়েছিল। HFT কাজ করে আজ NACO এর একটি Project নিয়ে যার নাম "VIHAN" এবং এই Project -এ HIV বা AIDS রোগীদের নিয়ে কাজ করা হয়।

HFT-তে রয়েছে আর একটি গুরুত্বপূর্ণ Project "SHINE-TI" যা Drug abuse দের নিয়ে কাজ করে। HFT Institute of Nursing Science 2019 থেকে ANM (R) Course (২ বছর) চালু করেছে। এখান থেকে পাশ করা ছাত্রীরা HFT-এর বিভিন্ন Project -এ চাকুরী সুযোগ পেয়েছে। এছাড়াও বিভিন্ন স্কুলে School Health Programme করা হয়েছে যাতে Hepatitis B বিষয়ে স্কুলের ছাত্রছাত্রীদের সচেতন করা যায়, করা হয়েছে Awareness Programme বিভিন্ন College-এ, Club-এ, বিভিন্ন Block Level, District Level-এ।

বর্তমানে Drug Addiction একটি মারাত্মক সমস্যা তাই HFT এই বিষয়টির কুফল কি বা কিভাবে যুবসমাজকে এর হাত থেকে রক্ষা করা যায় সেই বিষয়ে School programme শুরু করেছে। ধর্মনগর, সাব্রুম, অমরপুর, কমলপুর, সোনামুড়া, উদয়পুর সর্বত্র "Drug Addiction" এবং তার কুফল নিয়ে আলোচনা সভা করা হয়েছে কারণ বিভিন্ন গবেষণায় দেখা যাচ্ছে Drug abuse এর ফলে Hep-B এবং Hep-C রোগীর সংখ্যা ত্রিপুরায় ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। তাই HFT বিজ্ঞান ও স্বাস্থ্যসমস্যার সাথে তাল মিলিয়ে কাজের নমুনা বা Pattern পরিবর্তন করছে। ভবিষ্যতে HFTএর বড় Mission হল একটি HFT Medical Hub তৈরী করা সেখানে স্বল্পমূল্যে রোগীদের চিকিৎসা করা হবে, গবেষণায় কাজ হবে। আশা রাখি সবার ঐকান্তিক প্রচেষ্টায় HFT তার লক্ষ্যে পৌঁছাতে পারবে।



# অতীতের স্মৃতি, আগামীর আলোর দিশারী

**সুকান্ত দত্ত**



সময়টা ২০০৩ সালের ৩০শে নভেম্বর আমাদের সংগঠনের প্রাণ পুরুষ ডাক্তার প্রদীপ ভৌমিক সহ বিলোনীয়ার কৃতি সন্তান ডাক্তার অজিত চৌধুরী এবং আমাদের সবার প্রিয় দিবাকর দেবনাথ দাদার হাত ধরে বিলোনীয়া শাখার পথ চলা। স্বাস্থ্য বিজ্ঞানকে জন বিজ্ঞানে পরিণত করার এক বুক স্বপ্ন নিয়ে " হেপাটাইটিস মুক্ত ত্রিপুরা " গড়ার লক্ষ্যে আমাদের এই পথ চলা।

হেপাটাইটিস এর মতো বিশ্বত্রাস মরণ ব্যাধির বিরুদ্ধে দৃষ্টান্তমূলক প্রতিরোধ কর্মসূচিকে বাস্তবায়িত করার কাজে বিলোনীয়া শাখা জন্মলগ্ন থেকেই দৃঢ় প্রতিজ্ঞা গ্রহণ করেছে। আমাদের লক্ষ্য ছিল বিলোনীয়াকে হেপাটাইটিস মুক্ত মহকুমা হিসাবে গড়ে তোলার। লক্ষ্য যখন স্থির গন্তব্যে পৌঁছনোই হল একজন সৈনিকের মূল কর্তব্য, আমাদের গর্ব বিলোনীয়া শাখার সভাপতি ডাক্তার জগদীশ নমঃ স্যারের নেতৃত্বে বিলোনীয়া মহকুমা আজ হেপাটাইটিস মুক্ত মহকুমা গড়ার পথে বিলোনীয়া শাখার এই কর্মযোগ্য এখন সারা রাজ্যে সমাদৃত।

যতদূর মনে পড়ে ২০০৯ সালে নভেম্বর যারা রাজ্যে প্রথম হেপাটাইটিস বি নির্মূলীকরণ অভিযানের ডাক দিয়েছিল হেপা পরিবারের কেন্দ্রীয় কমিটি। সারা রাজ্যের সাথে এই অভিযানের ঢেউ দক্ষিণ জেলার বিলোনীয়াতে আঁছড়ে পড়ছে যথেষ্ট গতি নিয়ে।

একদিন প্রায় দশ হাজার লোককে হেপাটাইটিস বি প্রতিষেধক টিকাকরণ করে বিলোনীয়া শাখা শ্রেষ্ঠ শাখায় সমাদৃত হয়েছিল। শুধু টিকাকরণই নয়, রাজ্য ভিত্তিক হেপাটাইটিস বি নির্মূলীকরণ অনুষ্ঠানের শুভ সূচনা আগরতলায় হলেও সমাপ্তি অনুষ্ঠান বিলোনীয়ার উত্তর ভারতচন্দ্র নগর পঞ্চায়েতে সুসম্পন্ন হয়। রাজ্যের মাননীয় প্রাক্তন মন্ত্রী, শ্রীমতী বিজিতা নাথ মহোদয়া, প্রাক্তন স্থানীয় বিধায়ক শ্রী বাসুদেব মজুমদার সহ BMSF এর ডিরেক্টর Miss Phangisile ও সংগঠনের সভাপতি ডাক্তার প্রদীপ ভৌমিক উপস্থিত ছিলেন। সে এক অভূতপূর্ব উন্মাদনা, সন্ধ্যায় যখন ডাক্তার প্রদীপ ভৌমিকের নেতৃত্বে সমাপ্তি অনুষ্ঠানের অতিথিদের নিয়ে বিলোনীয়া শহরে প্রবেশ করল, তখন প্রায় তিন শতাধিক সারি সারি সাজানো গাড়ি নিয়ে বিলোনীয়া শহরের যুবক বন্ধুরা অপেক্ষা করছে উত্তর ভারতচন্দ্র নগর সমাপ্তি অনুষ্ঠানে যাওয়ার জন্য। শীতের সন্ধ্যায় দীর্ঘ ১২ কিলোমিটার বাইক ও গাড়ি র‍্যালি নিয়ে উত্তর ভারতচন্দ্র নগর বাজারে গিয়ে পৌঁছলাম। সে এক অসাধারণ অনুভূতি বাজারে হাজারে হাজারে মানুষ রাস্তার দুই ধারে আমাদের অতিথিদের বরণ করার জন্য অপেক্ষা করছে। উত্তর ভারত চন্দ্র নগরের জনগণ বুঝিয়ে দিল ভারতবর্ষের উত্তরে হিমালয়ের মত নবতম চিন্তাধারার ধারক ও বাহক এই গ্রাম।

শুধুমাত্র উত্তর ভারতচন্দ্র নগর একা নয়, বিলোনীয়া মহকুমার প্রতিটি জনপদ আমাদের হেপা পরিবারকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। রাজ্যভিত্তিক প্রতিটি নির্মূলীকরণ অভিযান বিলোনীয়া শাখার টিকাকরণের হার রাজ্যে অনন্য নজীর। এই রাজ্যভিত্তিক হেপাটাইটিস বি নির্মূলীকরণ অভিযানের অভিজ্ঞতাকে পাথেয় করে বিলোনীয়া শাখা-সু উদ্যোগে ভারতচন্দ্র নগর পঞ্চায়েত সমিতি এলাকায় ব্লক ভিত্তিক হেপাটাইটিস নির্মূলীকরণ অভিযান ২০১৫ সালে ১লা নভেম্বর ১ম ডোজ দেওয়া হয়। ব্লক এলাকায় একদিন ১৫টি সেন্টারে ১২ হাজার লোককে

প্রতিষেধক টিকাকরণ করা হয়েছে। ব্লক এলাকায় প্রতিটি পঞ্চায়েত এবং ADC গ্রামে একটি করে টিকাকরণের সেন্টার করা হয়। টিকাকরণের এক মাস আগে থেকেই ব্লক এলাকায় প্রতিটি বাড়িতে সমীক্ষা করে একমাসব্যাপী প্রচার অভিযান করা হয়। প্রতিটা পঞ্চায়েতে সেমিনার, মাইকিং, বাজার সভা, স্কুল সভা, বাড়ি বাড়ি প্রচার সংগঠিত করা হয়েছে। এই টিকাকরণ অভিযান সফল হওয়ায় বিলোনীয়া শাখার বন্ধুরা সবাই মিলে সিদ্ধান্ত গ্রহণ করে বিলোনীয়া পৌর এলাকায় হেপাটাইটিস নির্মূলীকরণ অভিযান সংগঠিত করার। ২০১৬ সালে ৫ই জুন বিলোনীয়া পৌর এলাকাতে ১ম ডোজ টিকাকরণ করা হয়েছে। পৌর এলাকাতে ১৭টি সেন্টারে মোট ৮ হাজার লোককে একদিনে টিকাকরণ করা হয়।

ভারতচন্দ্রনগর ও বিলোনীয়া পৌর এলাকা হেপাটাইটিস নির্মূলীকরণ অভিযান সফল হওয়ার পর আমরা কিন্তু বসে থাকিনি। আমাদের লক্ষ্য ছিল সমগ্র বিলোনীয়া মহকুমাকে হেপাটাইটিস মুক্ত করা। লক্ষ্য আমাদের স্থির, এই লক্ষ্যে পৌঁছানোর জন্য বিলোনীয়া শাখার বন্ধুরা ছুটে যায় মহকুমার অপর দুইটি শাখা রাজনগর ও ঋষ্যমুখ শাখার বন্ধুদের কাছে। ২০১৭ সালে রাজনগর ব্লক এলাকায় নির্মূলীকরণ অভিযান সুসম্পন্ন করা হয়, নেতৃত্বে রাজনগর শাখার বন্ধুরা, সহযোগিতায় বিলোনীয়া শাখা ঠিক এমনিভাবে ২০১৮ সালে ঋষ্যমুখ এলাকায়, ঋষ্যমুখ শাখার নেতৃত্বে, বিলোনীয়া শাখার যৌথ প্রয়াসে ঋষ্যমুখ ব্লক এলাকায় হেপাটাইটিস-বি নির্মূলীকরণ অভিযান সম্পন্ন করেছি। ২৪টি গ্রাম পঞ্চায়েত এবং ADC গ্রামে ২৬টি সেন্টার একদিনে ১৬ হাজার লোককে টিকাকরণ করে, সারা রাজ্যে বিলোনীয়া মহকুমাকে হেপাটাইটিস বি টিকাকরণে প্রথম সারিতে নিয়ে আসতে সক্ষম হয়েছি। কি ভাবছেন? কোন আলাদীনের প্রদীপ বিলোনীয়াকে হেপাটাইটিস-বি মুক্ত করতে সাহায্য করেছে? না বন্ধু কোন আলাদীনের প্রদীপ নয়, আমরা বিলোনীয়া শাখার বন্ধুরা প্রতিজ্ঞাবদ্ধ ছিলাম, একটা প্রজন্মকে সুস্থ সমাজ উপহার দেওয়ার। বিলোনীয়া শাখা, রাজনগর শাখা এবং ঋষ্যমুখ শাখা, আমরা একই ছাতার নীচে এসে সমগ্র মহকুমাতে বিশ্বত্রাস হেপাটাইটিসের বিরুদ্ধে রুখে দাঁড়াই। আমাদের নিকট এই কর্মযজ্ঞে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে শান্তিরবাজার শাখা ও মুহুরীপুর শাখার বন্ধুরা।

উদ্যোগ ছিল ফাউন্ডেশনের, কিন্তু বাস্তবায়নে এগিয়ে এসেছে বিলোনীয়ার বিভিন্ন স্তরের নির্বাচিত জনপ্রতিনিধি থেকে শুরু করে গণআন্দোলনের নেতৃবৃন্দ, বিশেষ করে বিভিন্ন ক্লাব, পূজা কমিটি, মন্দির মসজিদ কমিটি সমূহ, বিভিন্ন বাজার কমিটির বন্ধুরা আন্তরিকভাবে আমাদের উদ্যোগকে সফল করার জন্য আমাদের সংগঠনের বন্ধুদের সাথে হাত ধরে বিলোনীয়ার প্রতিটি মহল্লায় ওনাদের সক্রিয় অংশগ্রহণ আমাদের এই সাফল্যের মূল চাবিকাঠি। প্রতিটি ব্লক ও পুরসভার এলাকায় নির্মূলীকরন অভিযানের একমাস আগে থেকেই আমরা শুরু করি প্রচার অভিযান। আর এই প্রচার অভিযানকে সার্থক রূপ দেয় বিলোনীয়ার অনেক চেনা-অচেনা শুভবুদ্ধিসম্পন্ন জনগণ যারা আমাদের সংগঠনের সদস্য না হয়েও বিলোনীয়াকে হেপাটাইটিস মুক্ত করার আন্দোলনে আমাদের শক্তি বৃদ্ধি করেছে। আমরা নত মস্তকে ওনাদের সহযোগিতাকে আজও অভিবাদন জানাই। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরগুলিও এগিয়ে এসেছে এই মহৎ কর্মযজ্ঞে। স্বাস্থ্য দপ্তরের বন্ধুদের সামাজিক দায়বদ্ধতার এক উজ্জ্বল দৃষ্টান্ত বিলোনীয়াবাসী প্রত্যক্ষ করেছে।

আমাদের সংগঠনের প্রাণ পুরুষ ডাক্তার প্রদীপ ভৌমিক স্যার সহ সংগঠনের কেন্দ্রীয় নেতৃত্বের প্রত্যেক সহযোগীতায় বিলোনীয়া হেপাটাইটিস-বি নির্মূলীকরণ অভিযানে আজ এক উজ্জ্বল দৃষ্টান্ত। আমাদের দৃঢ় বিশ্বাস অতীতের এই স্মৃতিগুলি সংগঠনের ভবিষ্যতে পথ চলার আলোর দিশারী।

# এইচ এফ টি লিভার ক্লিনিক



**সত্যজিৎ ঘোষ**
(সম্পাদক, লিভার পেসেন্ট নেটওয়ার্ক: এইচ এফ টি)

হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা তার শুরুর বছরগুলিতে হেপাটাইটিস সংক্রান্ত সচেতনতামূলক আলোচনা ও হেপাটাইটিস- বি ভাইরাসেরে প্রতিষেধক টিকাকরণ ইত্যাদি সফল কর্মসূচীর মাধ্যমে এগিয়ে চলছিল। কিছু বছর পর হেপাটাইটিস -বি, সি ভাইরাসে সংক্রমিত সহ লিভারের অন্যান্য রোগীদেরকে চিকিৎসা পরিষেবা দিতে এবং লিভারের বিভিন্ন রোগ সম্পর্কে রাজ্যের মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে এইচ এফ টি লিভার ক্লিনিক চালু করে। ৭ই এপ্রিল, ২০০৭ ইং তারিখে তৎকালীন ত্রিপুরা সরকারের স্বাস্থ্যমন্ত্রী শ্রী তপন চক্রবর্তী, বিদ্যুৎমন্ত্রী শ্রী মানিক দে এবং আগরতলা রামকৃষ্ণ মিশনের তৎকালীন সম্পাদক স্বামী পূর্ণাত্মানন্দ মহারাজজী এইচ এফ টি লিভার ক্লিনিকের উদ্বোধন করেন। এইচ এফ টি লিভার ক্লিনিক প্রথমে আগরতলা রামনগর ৩ নং রোডস্থিত এইচ এফ টি অফিসে চালু হয়, বর্তমানে যা আগরতলা ইন্দ্রনগরস্থিত এইচ এফ টি অফিস থেকে পরিষেবা দিচ্ছে।

১৯৯০ সাল থেকে শুরু করে ২০১০ সাল পর্যন্ত রাজ্যে মানুষের হেপাটাইটিস -বি ভাইরাসের সংক্রমণের হার বেশী লক্ষ্য করা গেছে। হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার মাধ্যমে হেপাটাইটিস -বি ভাইরাসের টিকাকরণ ও হেপাটাইটিস সংক্রান্ত প্রচুর সচেতনতামূলক কর্মসূচির সফল বাস্তবায়নের ফলে বর্তমান সময়ে হেপাটাইটিস -বি ভাইরাসের সংক্রমণ অনেকটাই নিয়ন্ত্রণে। কিন্তু, পক্ষান্তরে বর্তমান সময়ে ড্রাগস (আই.ভি) নেশার কারণে আমাদের রাজ্যে হেপাটাইটিস-সি ভাইরাস সংক্রমণের হার অনেকটাই বেড়ে গেছে।

এইচ এফ টি লিভার ক্লিনিক শুরু হবার আগে পর্যন্ত আমাদের রাজ্যে হেপাটাইটিস -বি, সি ভাইরাসে সংক্রমিত মানুষসহ সাধারণ মানুষের মনে এই রোগ নিয়ে একটা আতঙ্ক কাজ করত এবং এক ধরনের সামাজিক বৈষম্যের পরিবেশ সৃষ্টি হয়েছিল। রাজ্যের মানুষজন প্রায় একটা দিশেহারা অবস্থায় ছিল। অনেকেই এই রোগের চিকিৎসার জন্য প্রচুর টাকা খরচ করে বহি:রাজ্যের দিকে ছুটত। এটাও সত্যি যে, একটা সময় পর্যন্ত এই রোগের চিকিৎসার উপযুক্ত পরিকাঠামো আমাদের াজ্যেও খুব বেশী একটা ছিল না। হেপাটাইটিস চিকিৎসার গাইডলাইন অনুযায়ী এই ভাইরাসে সংক্রমিতদের নির্দিষ্ট কিছু রক্তের পরীক্ষা নিরীক্ষা প্রতিবছরই করতে হয়। এর মধ্যে কয়েকটি রক্ত পরীক্ষার খরচ অত্যধিক ব্যয়বহুল যা বহি:রাজ্যের বিশেষ কিছু ল্যাব থেকে করিয়ে আনতে হয়। তার মধ্যে কিছু সংখ্যক সংক্রমিতদেরকে দীর্ঘদিন যাবৎ অ্যান্টিভাইরাল ঔষধ খেয়ে যেতে হয়। হেপাটাইটিস ভাইরাসে সংক্রমিত সকলকেই সবসময় একজন বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসা চালিয়ে যেতে হয়। এইচ এফ টি লিভার ক্লিনিক উক্ত পরিষেবাগুলি রাজ্যের হেপাটাইটিস ভাইরাসে সংক্রমিত ও লিভার রোগীকে পাইয়ে দিয়ে পরিত্রাতা হয়ে উঠেছে। হেপাটাইটিস রোগ নিয়ে এক রাজ্যের মানুষের মনে সেই আতঙ্ক বা সামাজিক বৈষম্য আজ

আর নেই বললেই চলে। একটা সময় হেপাটাইটিস রোগ নিয়ে রাজ্যের মানুষের মনে একটা কালোঘন মেঘের ছায়া রয়েছিল, লিভার ক্লিনিক চালু হবার পর থেকেই রাজ্যের মানুষের মনে নতুন করে আশা জাগে এবং নতুন সূর্য উদয় দেখতে পায়।

এইচ এফ টি লিভার ক্লিনিক সপ্তাহে দুইদিন রোগীদেরকে বিশেষজ্ঞ চিকিৎসকের ফ্রি তে পরামর্শ পাওয়ার ব্যবস্থা করে দিয়েছে। রোগীদের ভর্তুকি মূল্যে রক্ত পরীক্ষা করবার ব্যবস্থা করে দিয়েছে। আমাদের রাজ্যের গর্ব হেপাটাইটিস রোগীর দিশারী ড: প্রদীপ ভৌমিক এর তত্ত্বাবধানে এইচ এফ টি লিভার ক্লিনিকের কাজকর্ম পরিচালিত হয়ে আসছে। আধুনিক চিকিৎসা জগতে হেপাটাইটিস সহ লিভারের চিকিৎসার অবিরাম অগ্রগতি ঘটে চলছে । এই অগ্রগতির সুফলও রাজ্যের রোগীরা এইচ এফ টি লিভার ক্লিনিকের মাধ্যমে পেয়ে আসছেন। দীর্ঘ ষোল বছর ধরে লিভার ক্লিনিক রাজ্যের মানুষকে চিকিৎসা পরিষেবা দিয়ে চলছে প্রায় এক হাজার পাঁচশো হেপাটাইটিস বি, সি ও অন্যান্য লিভার রোগীরা এর পরিষেবাগুলি নিচ্ছেন।

এইচ এফ টি লিভার ক্লিনিক-এর হাত ধরেই ২০১৮ সালে হেপাটাইটিস ফাউণ্ডেশন অব ত্রিপুরার ছত্রছায়ায় রাজ্যের লিভার রোগীদের নিয়ে লিভার পেশেন্ট নেটওয়ার্ক (LPN) নামে একটি লিভার পেশেন্ট নেটওয়ার্ক গড়ে উঠে। রাজ্যের বিভিন্ন প্রান্তের লিভার রোগীরা LPN এর সদস্যপদ গ্রহণ করেছেন। লিভার পেশেন্ট গড়ে উঠার ফলে রাজ্যের লিভার রোগীদের মধ্যে আভ্যন্তরীন ও আন্তরিক একটি যোগসূত্র তৈরী হয়েছে। লিভার রোগীরা চিকিৎসা সংক্রান্ত তথ্যগুলি নিজেদের মধ্যে আদান- প্রদান করার মাধ্যমে নিজেদের মানসিকভাবে আরো শক্তিশালী করতে পেরেছেন। নেটওয়ার্কের সদস্যরা লিভার রোগীদের সাহায্যের সুবিধার্থে প্রতিনিয়ত কাজ করে চলেছেন। হেপাটাইটিস নির্মূলীকরনের লক্ষ্যে যে প্রচেষ্টা চলছে, এই লিভার পেশেন্ট নেটওয়ার্ক সেই প্রচেষ্টাকে সফল করতে কিছুটা হলেও অবদান রেখে চলছে।

২০৩০ সালের মধ্যে ভারতবর্ষ থেকে হেপাটাইটিস নির্মূলীকরণের লক্ষ্যে ভারত সরকার ন্যাশনাল ভাইরাল হেপাটাইটিস কন্ট্রোল প্রোগ্রাম নামে একটি প্রকল্প ২০১৮ সালে চালু করে। এই প্রকল্পের মাধ্যমে অ্যান্টিভাইরাল ঔষুধসহ আরো কিছু চিকিৎসা পরিষেবা দেওয়া শুরু হয়েছে। হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা অনেক আগে থেকেই ত্রিপুরা রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে এই ধরনের একটি অতি প্রয়োজনীয় প্রকল্প রাজ্যে চালু করবার অনুরোধ জানিয়ে আসছিল এবং এইচ এফ টি লিভার ক্লিনিক এই প্রল্পের কিছু কিছু পরিষেবা আগে থেকেই দিয়ে আসছিল। হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার অবিরাম কর্মসূচি ও এইচ এফ টি লিভার ক্লিনিকের পরিষেবা এবং বর্তমানে শুরু হওয়া ন্যাশনাল ভাইরাল হেপাটাইটিস কন্ট্রোল প্রোগ্রাম এবং সর্বোপরি রাজ্যবাসীর সহযোগীতায় আমাদের ত্রিপুরা রাজ্যে ২০২৫ সালের মধ্যে হেপাটাইটিস-বি মুক্ত রাজ্য হিসাবে স্বীকৃতি পাবে- এটাই এইচ এফ টি পরিবারের স্বপ্ন।

**কিডনি রোগে আক্রান্ত ব্যক্তিদের চার ডোজ হেপাটাইটিস বি টিকা গ্রহন করা অত্যন্ত প্রয়োজন : ০, ১, ২ এবং ৬ মাস**

# স্মৃতি সততই সুখের



**অঞ্জলি দেবনাথ**

আজকের শিশু আগামীর ভবিষ্যৎ। দেশের কর্ণধার তাই আগামীর ভবিষ্যত যারা তাদের একটি সুস্থ-সবল নিরোগ জীবন উপহার দেওয়া সকল সচেতন নাগরিকের কর্তব্য হেপাটাইটিস বি ভাইরাল করেন Dr. Baruch Blumberg 1965-এ এবং তার প্রতিরোধক Vaccineও ১৯৮১ সালে আবিষ্কার হয়। কিন্তু এতদ্‌কালের মধ্যে এই ভাইরাস সম্বন্ধে মানুষকে সচেতন করা। প্রতিরোধক Vaccine নিয়ে কোন NGO বা অন্য কোন সমাজকল্যাণকামী সংগঠনকে এগিয়ে আসতে দেখা যায়নি।

হেপাটাইটিস ফাউণ্ডেশন অব ত্রিপুরা একটি NGO যার মূল কারিগড় ডঃ প্রদীপ ভৌমিক এবং অবশ্যই অন্যান্য অনেকেই ত্রিপুরা থেকে হেপাটাইটিস-বি নির্মূলীকরণে উদ্যোগ গ্রহণ করে ২০০২ সালের মার্চ-এপ্রিল থেকেই কাজ শুরু করে (স্বাস্থ্যমেলা-২০০২) প্রথম অফিস ঘর রামনগর রোড নং-৩, এখান থেকেই আগরতলা ব্রাঞ্চের কাজকর্ম পরিচালনা করা হতো। Vaccination-র প্রথম ঠিকানা আগরতলা প্রেস ক্লাব। তারপরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অনুমোদন অনুযায়ী ২০০৩ সালের ৬ই জুলাই আগরতলা ব্রাঞ্চের টিকাকরণের ঠিকানা হয় IGM Hospital-র MCH Clinic, তারপর আর পেছন ফিরে তাকাতে হয়নি।

কিন্তু যে কথাটা বলতে চাইছি At birth Hep.B Vaccination নিয়ে সেটা একটা ঐতিহাসিক সিদ্ধান্ত— তৎকালীন ত্রিপুরা সরকারের অনুমতি আদায়ক্রমে At birth Vaccination ‘0’ dose দেওয়ার কাজ HFT ই প্রথম শুরু করে সম্পূর্ণ বিনামূল্যে ৬ই জানুয়ারী ২০১১ ইং রাজ্যের ৩১টি শাখায় । মেম্বারদের মধ্যে নব কর্মোদ্যম, নতুন প্রাণের সঞ্চার একটি আলাদা মাত্রা এসে যায়। ভবিষ্যৎ প্রজন্মকে সুরক্ষিত রাখতে এই কর্মপ্রচেষ্টা তা সারা দেশে ছড়িয়ে পড়ে এমনকি আন্তর্জাতিক স্তরেও HFT র এই সুনাম ছড়িয়ে পড়ে। একটা ঐতিহাসিক সাফল্য । আরো এমন অনেক কথা যা স্বল্প পরিসরে লিখে শেষ করা যাবে না।

পরবর্তীতে ২০১১ সালের ৫ই ডিসেম্বর থেকে সরকারীভাবে ০ — ১ বছরের শিশুদের হেপাটাইটিস-বি প্রতিরোধক টিকাকরণ শুরু হয়। তারপর এখন National Immunization Schedule-এ এর অনতর্ভূক্তিকরণ হয়।

এখন একটু নিজের কথা বলি— চাকুরীজীবন থেকে অবসর গ্রহণ করার পর “আর কর্মক্ষেত্রে যেতে হবে না” এই কথা ভেবে মানসিকভাবে দুর্বল হয়ে পড়ি। প্রতিদিনের রুটিন মাফিক কাজ হাসপাতালে যাওয়া, ছাত্রদের নিয়ে ক্লাশ, Practical Procidure, পরীক্ষা নেওয়া ইত্যাদি ... সারাদিনের কর্মব্যস্ততা একটা আনন্দমুখর জীবন থেকে হঠাৎ করে এক্কেবারেই ঘরে বসে যাওয়া ; মনে একটা দুঃসহ বেদনা অনুভব করছিলাম। ঠিক সেই সময় স্যার ডা. প্রদীপ ভৌমিক বললেন “অঞ্জলিদি HFT Institute of Nursing Science-এ join করুন”। একটা আশার আলো আমার সামনে ফুটে উঠে এবং আর কালবিলম্ব না করে যোগদান করে ফেললাম। এরপর থেকে প্রতিদিনের রুটিন আবার আগের মতোই শুরু হয়ে যায়।

ধন্যবাদ HFT এবং HFTIANS

# লড়াইটা জারি থাকুক



## তিমির চক্রবর্তী

বিশ্বায়নের যে কয়টি উপসর্গ ঘৃনিত ও কলঙ্কিত হয়েছে তার মধ্যে অন্যতম, অপরাধের জনক মাদক। এটি চুরি, ডাকাতি, খুন ও যৌন হয়রানির মতো অপরাধের নেপথ্যের অন্যতম কারণ। পাশাপাশি মারণব্যাধি এইড্‌সের বা এইচ আই ভির জন্মদাতা মাদক। ইতিমধ্যেই তা প্রমাণিত । সমীক্ষায় দেখা গেছে, ছিনতাই কিংবা খুনের ঘটনা মাদকাসক্ত লোকের মাধ্যমে ঘটছে- এমন নজীর বহু রয়েছে। মাদক নির্মূল না করতে পারলে, অপরাধ নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে যাবে। কেননা অধিকাংশ অপরাধমূলক কর্মকাণ্ডের পেছনে রয়েছে মাদকের কালো থাবা। মাদকাসক্তদের মধ্যে শিক্ষার্থী, ব্যবসায়ী, শ্রমিক, রিকশাচালক সহ সমস্ত পেশার মানুষও রয়েছে। বাদ যাচ্ছে না নারীরাও। এক সমীক্ষায় জানা যায়,শতকরা ৮০ ভাগ মাদকাসক্তের বয়স ১৬ থেকে ৩০ বছরের মধ্যে। তার মানে বোঝাই যাচ্ছে, আমাদের মূল চালিকাশক্তি তরুণদের একটি বিরাট অংশ মাদকের সঙ্গে জড়িয়ে পড়ছে, যা দেশের প্রগতি ও সমৃদ্ধির অন্তরায়। মাদকাসক্তি বলতে মাদকদ্রব্যের প্রতি নেশাকে বোঝায়। যেসব দ্রব্য সেবন করলে আসক্তির সৃষ্টি হয়, জ্ঞানার্জনের স্পৃহা ও স্মৃতিশক্তি কমে যায় সেগুলো মাদকদ্রব্য। ব্যাপক অর্থে, যে দ্রব্য গ্রহণের ফলে মানুষের শারীরিক ও মানসিক অবস্থার উল্লেখযোগ্য নেতিবাচক পরিবর্তন ঘটে এবং ওই দ্রব্যের প্রতি নির্ভরশীলতা সৃষ্টি হয়, পাশাপাশি দ্রব্যটি গ্রহণের পরিমাণ ক্রমেই বাড়তে থাকে এমন দ্রব্যগুলোই সামাজিক পরিভাষায় মাদক। ব্যক্তির এ অবস্থানকে বলে মাদকাসক্তি। মাদক দ্রব্য আসলে কী কী তার নির্দিষ্টি সংখ্যা বা নাম বলা সম্ভব নয়। মানুষ নেশার জন্য যা ব্যবহার তাই মাদক দ্রব্য। সেটি হতে পারে ইনজেকশন, হেরোইন, গাঁজা, ইয়াবা বা যে কোনো মাধ্যম। বিভিন্ন ধরনের মাদকদ্রব্যের মধ্যে রয়েছে তামাক, তাড়ি, গাঁজা, হেরোইন, কোকেন, ইয়াবা, আফিম, মারিজুয়ানা, ফেন্সিডিল, চরস, ভাং, মরফিন, মদ, কেটামিন ইত্যাদি । এগুলি আবার বিভিন্নভাবে সেবন করা হয়। শিরাপথে ইনজেকশনের সাহায্যে হেরোইন গ্রহণ করে অনেকে। এটাই ভীষণভাবে মারাত্মক। যার কারণে রাজ্যের বুকে এইডস আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। মাদকের সঙ্গে অপরাধ ও অপরাধীর একটি ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। সাধারণত মাদক সংগ্রহের জন্য অর্থের ওপর নির্ভর করে। আর এই অর্থ জোগার করতেই ছিনতাই এমনকি খুন করতেও দ্বিধাবোধ করে না তারা। কিছু গবেষণায় দেখা গেছে, মাদকদ্রব্যের ব্যবহারের ফলে মানুষের মধ্যে অপরাধ করার সাহস বেড়ে যায়। বায়োলজিক্যাল তাত্ত্বিক ও গবেষকরা এটিকে 'মাদকের প্রতিক্রিয়া' বা 'ফার্মাকোলজিক্যাল ইফেক্ট' বলে অভিহিত করেছেন। এর ফলে একজন ব্যক্তি যখন মাদক ব্যবহার করেন তখন মাদকের প্রতিক্রিয়ায় তার ভেতর সাহস বেড়ে যায় এবং সে তখন অপরাধ করতে ভয় পায় না। আর এ কারণে প্রায়ই দেখা যায়, নেশার টাকা না পেয়ে স্ত্রীকে হত্যা, মাকে খুন করা, নেশাখোর বাবা মাদক সংগ্রহে ব্যর্থ হওয়ার ক্রোধে নিজ সন্তানকে খুন, কিংবা আদরের সন্তানকে বিক্রি করে দেওয়ার মতো সব অমানবিক ঘটনা ঘটে। অপরাধ ও সমাজবিজ্ঞানী এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তারা বলছেন- ইয়াবা, হেরোইন, ফেন্সিডিল সহ সব ধরনের মাদকদ্রব্যের কারণে অপরাধ বাড়ছে।

তাই অপরাধ হ্রাস করতে হলে অবশ্যই মাদক নিয়ন্ত্রণ করতে হবে। মাদক ব্যবসায়ীদের শক্ত হাতে দমন করতে হবে। আর তাহলেই যুব সম্প্রদায়কে রক্ষা করা সম্ভব। এই কাজটি অত্যন্ত মনোযোগের সঙ্গে করছে হেপাটাইটিস ফাউন্ডেশন। ২০০২ সালের ২৮ জুলাই এই সংস্থাটির জন্ম হয়েছিল। বর্তমানে রাজ্যে এই সংস্থার

শাখা রয়েছে ৩৫টি। একসময় হেপাটাইটিস রোগ নিরাময়ে HFT এর তরফ থেকে যুদ্ধকালীন তৎপরতায় কাজশুরু করা হয়েছিল। ফাউন্ডেশনের এই কাজ স্বীকৃতি পেয়েছে ভারত সরকারের কাছেও। বর্তমানে এই হেপাটাইটিস ফাউন্ডেশন মাদক মুক্ত ত্রিপুরা গড়ার কাজে নেমেছে। বিভিন্ন জায়গায় স্কুলে কলেজে সাব্রুম থেকে ধর্মনগর পর্যন্ত হেপাটাইটিস ফাউন্ডেশন তার কর্ম বিস্তৃতি ছড়িয়ে দিয়েছে। বিভিন্ন জায়গায় স্কুলে সমাজসেবামূলক কাজ করে যাচ্ছেন আগরতলা সহ গোটা রাজ্যের বিশিষ্ট চিকিৎসক থেকে শুরু করে বহু গণ্যমান্য ব্যক্তিরা। হেপাটাইটিস ফাউন্ডেশন মহান ব্রত হাতে নিয়েছে এই রাজ্যে। রাজ্যকে মাদকমুক্ত করার ক্ষেত্রে তাদের সাথে হাতে হাত মিলিয়ে লড়াই করার কাজটা আরো দৃঢ় করা যেতে পারে এমনটাই অভিমত সচেতন মহলেরও। তাই স্লোগান দেওয়া যেতেই পারে, " চলুন হাতে হাত ধরি, মাদক মুক্ত ত্রিপুরা গড়ি।"।






# দারুণ অগ্নি বাণে রে  হৃদয় তৃষা হানে রে

**ইঞ্জিনীয়ার শিবশংকর রায়**



দীর্ঘ দগ্ধ দিন যায়, চাতকের মতো একটু বৃষ্টির জলের আশা নিয়ে ছুটে যাওয়া। আসলে বিরামহীন দায়িত্ব নিয়ে বসেছিলাম অজান্তেই। চৈত্র শেষে বৈশাখ, হায় একটাও ওঠে না কালবৈশাখী ঝড়। সবকিছু ধুয়ে গেলে যদি প্রকৃতিতে আবার সুর লেগে যায়।

হায়, মুখে মাস্ক নিয়ে শ্বাস নেওয়া দুরূহ প্রচেষ্টা। প্রথম যেদিন রাস্তার ভবঘুরেদের সরকারি অনুদানের রান্না করা খাবারের প্যাকেট দিলাম, সেদিন ওরা ছিল দুদিনের উপবাসী। এক রাতে ধুঁয়ে দিলাম শহরের রাস্তাগুলি। দেশীয় পদ্ধতিতে সেনিটাইজার বানানো হল। বাহবা কুড়োলাম। শহরের সবাই ভাবলো জীবাণুগুলি এমনি উড়ে যাবে। আর যে নির্মাণ শ্রমিকগুলি কাজে এসেছিল দূর হিন্দি বলয়, পশ্চিম বঙ্গ বা পার্শ্ববর্তী আসাম থেকে তাদের সঞ্চয়ে পড়ল টান। প্রথম দশ বারো দিন মালিক, ঠিকাদার ছিল পরে আর কেউ দেখার নেই। এই একটা ক্যাম্পে একজন দু'জন করে সংখ্যাটা পাঁচশ ছাড়াল। আর হরেক মাল ফেরি করে যারা তাদের সংখ্যাটা যোগ করার পর সবার চোখ কপালে ওঠে। এত লোকের কি হবে । প্রশাসনে লোক নেই। খবর দিলে সকালে আসে তো দুপুরের পর নেই। খাদ্য দপ্তরের চালানে চাল ডাল নিয়ে রেশন বন্টন। খেটে খাওয়া মানুষ সরকারি বরাদ্দের সপ্তার রেশন শেষ হয় চারদিনে । অফিসের বারান্দায় লাইন দেয় ওরা । কি হবে এর সমাধান। রোগের ভাবনা আর মাথায় থাকে না।

মে মাসের গোড়ার দিক, এক দুই করে কেউ কেউ পজেটিভ হচ্ছে খবর আসে। নতুন শব্দ আর টি পি আর এন্টিজেন। সরকারি অর্ডার নিয়ে ছুট পার্শ্ববর্তী আসাম রাজ্যের করিমগঞ্জে, রোগীরজন্য বেড চাই। তারপর একসময় সব ভরে উঠল। যার যার বাড়ীতে বেড। বাড়িতেই বেড আইসোলেশন সেন্টার।

প্রথম যেদিন মফস্বল শহরের রাতের নীরবতা ভেদ করে বডি পৌঁছল শ্মশানে, সেদিনও সাক্ষী সরকারি অর্ডারের মান্যতায়। দেখলাম স্ত্রী পুত্র ছাড়া বডি অন্তোষ্টি হল।

মানুষ শুধু নিজে বাঁচার কথা ভাবছে, চূড়ান্ত আত্মকেন্দ্রিক হতে পারে রোগের ভয়ে এমন একটা অভিজ্ঞতাও জীবনে পাব ভাবিনি। মিউনিসিপ্যাল কাউন্সিলের সাধারণ ইঞ্জিনিয়ারের চাকুরির সুবাদে দেখা আর বোঝাটা একটু বেশি হল। আর দূরপাল্লার ট্রেনগুলি যখন ঘরের মানুষ ঘরে নিয়ে এল সেদিন থেকে আর ঘর নেই, বাড়ি নেই। কর্মী স্বল্পতা, অবাক করার মতো আমার সিনিয়র জুনিয়র নিজের দপ্তরের কলিগরা, এমনকি অন্য দপ্তরেরও কেউ কেউ প্রশাসনের এবং স্বাস্থ্য কর্মীদের সাথে হাত ধরে কাজ করেছে।

কেটে গেল আর একটা মাস। ধীরে মানুষ আবার বেরিয়ে এসেছে। উদ্যোগ নিতে শুরু করে খাবারের প্যাকেট বিলির। কেউ কেউ সেদিন সাবান আর সেনিটাইজারও উপহারদিতে থাকে সাফাইও স্বাস্থ্যকর্মীদের। একসময় নিজের মধ্যে ক্লান্তি আসে। তাই বলে বিশ্রামের সুযোগ নেই। কত পরিচিত বন্ধু এরকম বিনা নোটিশে চলে গেল। এই শূন্য জায়গাগুলি আজও এক অসম যন্ত্রণার ক্ষতচিহ্ন। একময় অঝোড়ে বৃষ্টি এল। শেষ হল না। পর পর দুটি বছর, চলে যাওয়াদের সংখ্যা আরো বড় হলো। ভ্যাকসিন এলো। এক, দুই, বুস্টার ডোজ, হয়তো শরীরের প্রতিরোধ ক্ষমতাও বাড়ল। কিন্তু যে ছেলেটা অনেক কষ্টে দিল্লী বা দেশের অন্য কোন বড় শহর থেকে কাজ হারিয়ে ফিরেছিলো, সে ঘরে ঢুকতে পারে না, অপেক্ষা করতে হয় বাইরের কোন আইসোলেশন সেন্টারে অথবা নিজের ঘরেই বাড়ি শুদ্ধ লোক তালা বন্ধ করে বসে থাকে। না জেনেই সেদিন যে দূরত্ব বেড়েছে সেদিন, তার ভ্যাকসিনের খোঁজ শুরু হলে হয়তো সব ঠিক ঠাক হবে।

# বৃত্তের বাইরে !

অমিতাভ দাশ



**ওরা বলে গেল**

মেয়েটির চোখের কোল বেয়ে নামছিল জলধারা। অব্যক্ত বেদনা আর দলাপাকানো যন্ত্রণায় বুজে আসছিল কন্ঠস্বর। তবুও সে বলেছিল তার কথা, অকালমৃত বাবার শূন্যস্থানে মায়ের কঠোর শ্রমের কথা। অন্যজন বলেছিল স্কুল শিক্ষকদের পাশে থাকার কথা। অল্প আয়ের বাবা মায়ের চরম সংগ্রামের কথা। এত না পাওয়া, দরিদ্রতার ওপারে পূর্ণিমার চাঁদ হয়ে হাসছিল ফলাফল। মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে প্রথম বিভাগে উত্তীর্ণ হওয়া নিছকই একটি রেজাল্ট মাত্র! গোমতী জেলা পরিষদের মিলনায়তনে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা উদয়পুরের বিভিন্ন স্কুলের যেসব দুঃস্থ কৃতী পড়ুয়াকে ডেকে এনে কৃতী সংবর্ধনা দিল তাদের জীবনের পরতে পরতে জড়িয়ে রয়েছে বহু অপ্রাপ্তির কথা। তবুও অনেক কথাই রয়ে গেলো অগোচরে। কারণ সময়ের অভাবে আমরা শুনতে পারিনি ওদের বাবা মায়ের একদিন প্রতিদিনের কষ্ট লালিত স্বপ্ন বাস্তবায়নের কথা। ওদের কান্না যেন চোখের জলের মুক্তোহার হয়ে আগমীকে উজ্জ্বল্যে ভরিয়ে দেয়। সংবর্ধনা স্মারক হাতে তুলে দিয়ে সেকথাই বলেছিলেন অতিথিরা।

**প্রান্তিক স্বাস্থ্যসেবা**

জেলা, মহকুমা, গ্রামীণ বা প্রাথমিক হাসপাতাল ওদের বাড়ী থেকে অনেকটাই দূরে। যান চলাচল থাকলেও তা যথেষ্ট নয়। বিশেষ করে বয়স্ক বা শিশুদের যাতায়াত খানিকটা সমস্যাদীর্ণ। এমন প্রান্তিক মানুষদের কাছে প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যেই আয়োজিত হয়েছিল হেপা-হেলথ্-ক্যাম্প। সহায়তায় ছিল অয়েল ইন্ডিয়া। একমাস ধরে অবিভক্ত দক্ষিণ জেলার ভাণ্ডারী পাড়া, খেদাছড়া, শুকনাছড়ি, আইলমারা, শিলাছড়ি, লক্ষ্মীছড়া ইত্যাদি জনপদে পৌঁছে গেছিলেন হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার সাউথ জোনাল কমিটির সদস্য-সদস্যারা। রোগীদের ডায়াবেটিস, ম্যালেরিয়া, প্রসূতিবিষয়ক নানারকম পরীক্ষা নিরীক্ষা করে বিনামূল্যে ওষুধ ও পরামর্শ দিয়েছিলেন চিকিৎসকদল। সামাজিক দায়বদ্ধতার এই কর্মসূচীতে ডাক্তার, নার্সসহ সমাজের নানা পেশার মানুষ নিজেদের সামিল করেছিলেন।

**শপথ**

ড্রাগস বা যে কোন ধরনের নেশা আমরা করবো না। আমার বন্ধু, পড়শীদের জীবনেও যেন এই মৃত্যুদূত প্রবেশ করতে না পারে সে চেষ্টা আমি করবো। অমরপুরের হাজারও স্কুল পড়ুয়ার কন্ঠে এই শপথ সত্যিকার অর্থেই আনন্দধারায় ভরিয়ে তুলেছিল সবার মন। আলোচনা, গান, কুইজ, যোগপ্রদর্শন ইত্যাদি নানা আয়োজনে কখন যে বেলা গড়িয়ে সন্ধ্যে ঘনিয়েছিল কেউ যেন বুঝতেই পারেননি। ড্রাগস বা অন্য নেশা কীভাবে শিশু, কিশোরসহ নানা বয়সী জীবনকে ধ্বংসের পথে এগিয়ে নিয়ে যায়, এর থেকে উত্তরণ হবে কোন পথে? পাওয়ার পয়েন্টে অনবদ্য প্রেজেন্টশন দিয়েছিনেল রাজ্যের বিশিষ্ট চিকিৎসক ডাঃ প্রদীপ ভৌমিক।

**শারদ সম্মান**

নিছক পুজোর আনন্দে ভেসে যাওয়া নয়। শিল্পকর্ম, শিল্পীর সৃজন এবং সামাজিক দায়বোধে যারা এই উৎসবকে আরও আলোকময়, আনন্দময় করেছেন। ওদের হাতেই সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়েছে। ভিন রাজ্যের শিল্পীদের তৈরি মণ্ডপ, মূর্তি বা আলোক সজ্জার পাশাপাশি স্থানীয় শিল্পীদের শ্রম, মেধাকেও বিশেষভাবে সম্মানিত, পুরষ্কৃত করা হয়েছে। এ বছর হেপাটাইটিস ফাউন্ডেশনের উদয়পুর শাখা এবং সাউথ জোনাল কমিটির যৌথ উদ্যোগে অবিভক্ত দক্ষিণ জেলার এগারটি পুজো আয়োজক সংস্থা শারদ সম্মানে ভূষিত হয়েছে। উদয়পুর টাউন হলে মনমাতানো সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে উদযাপিত হয়েছে শারদ সম্মান- ২০২৩।

**উন্মেষ**

স্বাস্থ্যসেবা প্রথম এবং প্রধান কর্তব্য। পাশাপাশি সামাজিক ও সাংস্কৃতিক নানা আয়োজনের সুন্দর পরিমণ্ডল ইতিমধ্যেই তৈরি করেছে হেপাটাইটিস ফাউন্ডেশন। এবার নবতম সংযোজন শারদ সাহিত্য । যার পোষাকি নাম "উন্মেষ"। প্রথম প্রকাশ ১৯ অক্টোবার ২০২৩ খ্রীঃ। সাধ আর সাধ্যের টানাপেড়েনে এই গুরুভার দায়িত্ব পালন কতটা সুচারু হয়েছে জানা নেই। মূল্যায়নের দায়িত্ব ভাবীকালের।

মানুষের পাশে থাকতে চেয়ে নতুন নতুন কর্মপ্রয়াস দু'দশক ধরে আমাদের বরাবরই উৎসাহিত করেছে। হতাশাও এসেছে, এসেছে আঘাত, ক্লান্তি। কিন্তু বহুজন হিতায় বহুজন সুখায় ভাবনায় ফের নিজেদের উদ্দীপ্ত করেছি। প্রাণপুরুষের সুযোগ্য নেতৃত্ব, স্নেহ, ভালোবাসা আমাদের অন্যতম সম্পদ। তাঁর প্রশ্রয়ঘন নিকুঞ্জ ছায়ায় বৃত্তের বাইরে গিয়ে শারদ সাহিত্য প্রকাশে আমরা প্রাণিত হয়েছি। আমাদের বিশ্বাস বৃত্তের বাইরেও তৈরি হবে আরও বহু বহু বৃত্ত! যূথবদ্ধ হেপাকর্মপ্রয়াস দশ পেরিয়ে দশক তৈরি করবে আগামীর সুস্থ, সংস্কৃত ছায়াপথ।





**CHAPTER : 2**




# ACCOMPLISHED PROJECTS OF HFT



# STEPPING STONES TOWARDS A HEPATITIS FREE WORLD

**Swatilekha Bhattacharya,** Project Co-ordinator, Stepping Stone Project
**Reshmi Das,** Project Accountant, Stepping Stone Project.

**Programme Activities**




The Stepping Stone Towards a HEPATITIS FREE WORLD is a futuristic project related with Hepatitis Free World - a dream to be materialized .

Hepatitis Foundation of Tripura strongly believes that "Human Resource" is the best resource available in this galaxy. Only happy, healthy, educated, skilled, intelligent and intellectual "Human Resource" can build up a Strong society.

Tripura is one of the eight state of NER and the third-smallest state in the country, it covers 10,649 km2 and is bordered by Bangladesh to the north, south, and west, and the states of Assam and Mizoram to the east. Hepatitis Foundation of Tripura is the title of a grand family of Social activists of state of Tripura. It's a social organization for the society, of the society, by the society.

The Collaborative Approach : Hepatitis Foundation of Tripura and Liver Foundation of West Bengal collaborated in the new and innovative Hepatitis Awareness related project named as Stepping Stones - for a Hepatitis Free World. It's a grass root advocacy program for 6 Eastern and North Eastern states of India. The time limit of the project was 12 months. The Stepping Stones towards a Hepatitis Free World project tested the effectiveness of a peer-group based, community-wide, hepatitis awareness program by empowering students and people living with Hepatitis B and C infection (PLHB/C).
The target groups were empowered through digital training, peer group formation, government linkage and local community advocacy. The project learning was communicated through digital platforms, local media and meetings.

Liver Foundation, West Bengal - LFWB is a not-for-profit organization working in public health and broad human development areas since 2006. It was conceptualized by clinicians, researchers, activists and academicians who felt the need of raising awareness regarding liver and gastrointestinal health in the rural and urban communities. In the last 16 years LFWB has devoted itself in community health awareness, clinical and public health research,

healthcare-related infrastructure & skill development and social support. It is now a Department of Scientific and industrial Research (DSIR) recognized Scientific and Industrial organization (SIRO).

For the past 15 years, LFWB has been raising awareness at micro-community levels regarding hepatitis prevention, hepatitis management and stigma eradication. LFWB has published peer reviewed articles on clinical and public health aspects of Hepatitis and liver health.

ALL4LIVER Grant supports local communities to enhance education about viral hepatitis across Asia in 2021. Hepatitis B affect 325 million people worldwide. More than 3% of the world's population are estimated to be living with chronic hepatitis B (HBV). According to the World Health Organization, Hepatitis B has contributed to approximately 887000 deaths mostly from cirrhosis and hepato-cellular carcinoma

The Participants : The main aims of the project was selection of 100 students and 50 patients, so in this purpose we started our journey. Initially we visited few schools of different places of Tripura and we share our point of view about the Stepping Stones project. We found challenging issues initially like: 1. Govt. School may close at that time due to summer vacation and Private School did not response so much.

Then we have started our project works from middle of April 2022. Initially we studied about the Stepping Stone project, its goal and future activities etc. Then we create what's app group with all working member of Stepping Stone project (with the team member of Liver Foundation, West Bengal and Hepatitis Foundation of Tripura team).

In case of patient, we did not have much problem to communicate with them because Hepatitis Foundation of Tripura was running LIVER PATIENT NETWORK (LPN) group. So, we approached the group and gave them a short idea about Stepping Stone project.

The Beginning : Initially we organized one Hepatitis Awareness Program (Date: 25.04.2022) with all stakeholders and discussed our concept with them and share their point of view also.

We explained that The Stepping Stones towards a Hepatitis free world project will test the effectiveness of a peer-group based, community wide Hepatitis awareness program by empowering students (especially students of class IX to XII) and people living with Hepatitis B and C infection (patients)..

**Objectives:** The main objectives of Stepping Stone project are:

- To spread awareness on Viral Hepatitis infection, prevention and management among the youth and the people living with chronic Hepatitis infection using interactive online platforms for rapid scaling up of awareness program.
- To create sustainable peer groups of people living chronic Hepatitis infection and youth.
- Mobilize school students and trained them about Hepatitis and Liver related information.

